50

দৈনিক ইত্তেফাক

তারিখ 17 MAR 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক পরিবেশ ফিরাইয়া আনুন

.......................... বিশ্ববিদ্যালয় পরিষদ

দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের সংগঠন 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ' (৬ষ্ঠ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় পরিষদ

( ১ম পৃঃ পর )

গতকাল ( শনিবার ) এক বিবৃতিতে বলিয়াছে, রাজনৈতিক আন্দোলন পৃথিবীর সর্বত্রই হয়। তবে আন্দোলনের নামে শিক্ষা-জীবনকে জিম্মি করিয়া একটি জাতির বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে এমনভাবে ধ্বংসের মুখে ঠেলিয়া দেওয়ার কোন নজীর নাই। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ শাহজাহান স্বাক্ষরিত এই বিবৃতিতে বলা হয়, দেশে গত কয়েক মাসে তীব্র রাজনৈতিক অস্থিরতার ফলে ব্যবসা-বাণিজ্য ও শিল্পোৎপাদনে তথা সামগ্রিক অর্থনীতিতে অপরিমেয় ক্ষতি সাধিত হইয়াছে। বিশেষ করিয়া শিল্পক্ষেত্রে যে ক্ষতি সাধিত হইয়াছে তাহা অপূরণীয়।

প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে জানুয়ারী মাস হইতে শিক্ষাবর্ষ শুরু হইয়াছে। কিন্তু এখনও পুরাদমে ক্লাস শুরু হয় নাই। মার্চ মাসে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষা নির্ধারিত সময়ে হইবে কিনা এই ব্যাপারেও অনিশ্চয়তা দেখা দিয়াছে। দেশের সকল বিশ্ববিদ্যালয়ে বর্ষ শেষ পরীক্ষা স্থগিত হইয়া আছে। ভর্তি পরীক্ষা শুরু করিয়াও বন্ধ করিয়া দিতে হইয়াছে। সেশন জট সমস্যা আবার প্রকট হইয়া উঠিয়াছে।

বিবৃতিতে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাভাবিক পরিবেশ ফিরাইয়া আনার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য দলমত নির্বিশেষে সকলের প্রতি আহ্বান জানান হয়।